"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১৫

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের স্বাধীনতার রূপকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস(১৫ই আগস্ট) পালন উপলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামের সভাপতিত্বে অদ্য ১৪ই আগস্ট, ২০২২ তারিখ রোজ রবিবার দুপুর ০২:০০ ঘটিকায় কমিশনের মাল্টিপারপাস হলে একটি আলোচনা সভা এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর(প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এর মাধ্যমে আলোচনা অনুষ্ঠান শুরু করা হয়।

অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ১৯৭৫ এর ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যদের হত্যার ফলে বাংলাদেশের অপূরণীয় ক্ষতি এবং অর্থনৈতিক স্থবিরতার কথা উল্লেখ করে বলেন, "বঙ্গবন্ধু মাত্র সারে তিন বছর সময় পেয়েছিলেন, কিন্তু সেই স্বল্পসময়ের মধ্যেই তিনি দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়েছিলেন। বঙ্গবন্ধুর সেসময়ের নেয়া শিক্ষা নীতি, শিল্প-বাণিজ্য নীতি, রাষ্ট্র ব্যবস্থাপনা দিকে নজর দিলে; তার সেসব নীতির মাঝে আজকের এসডিজি,এমডিজির লক্ষ্যগুলোই দেখতে পাবো আমরা।আজকে আমরাই আমাদের সম্পদ ব্যবস্থাপনা-নিয়ন্ত্রন করতে পারছি, যার সুযোগ করে দিয়েছেন বঙ্গবন্ধুই। বাঙালির শত বছরের সংগ্রাম-ত্যাগের পর বঙ্গবন্ধুই দেশকে স্বাধীনতা এনে দিয়েছেন"। তিনি বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন, ধর্মীয় দর্শন, তাঁর নৈতিকতা দর্শনসহ তার সাংস্কৃতিক ও ক্রিয়াঙ্গনের উপস্থিতির প্রশংসা করেন। তিনি করোনাকালীন সময়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুষ্ঠ রাষ্ট্র ব্যবস্থাপনার প্রশংসা করে আজকের বাংলাদেশের কৃষি, শিক্ষা, বাণিজ্যসহ সকল ক্ষেত্রে উন্নয়নের উদাহরণের কথা উল্লেখ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার অতুলনীয় নেতৃত্বের গুণের মাধ্যমে দেশের সকল সমস্যার সমাধান করে চলেছেন। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের নিহত সদস্যবৃন্দসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং জাতীয় শোক দিবসে সকলকে শহীদদের জন্য দোয়া করার অনুরোধ জানান।


প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বঙ্গবন্ধুর জীবনভর আন্দোলন সংগ্রামের ইতিহাস তুলে ধরেন। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর জন্ম, শৈশবেই তার নেতৃত্বগুণের প্রকাশ, কলকাতায় পড়তে যাওয়া এবং ৪৩ এর মনন্তরে দূর্ভিক্ষ পীড়িত নানা জায়গায় লঙ্গরখানার মাধ্যমে পীড়িতদের সেবায় তাঁর চেষ্টার কথা তুলে ধরেন তিনি। ১৯৪৬ থেকে শুরু করে, ১৯৪৭ এ বাংলা ভাষার দাবির আন্দোলন,৪৯-এ গ্রেপ্তার হওয়া, ৫২'র ভাষা আন্দোলন, ৫৪'র যুক্তফন্ত্রের নির্বাচন, ৬৪'র শিক্ষা আন্দোলন, ৬৬'র ৬ দফা, আগরতলা ষড়যন্ত্র মামলা, ৬৯ এর গণঅভ্যুত্থান, ৭০ এর নির্বাচন এবং মুক্তিযুদ্ধসহ বঙ্গবন্ধুর দীর্ঘ রাজনৈতিক সংগ্রামের ইতিহাস আলোচনা করেন। তিনি বলেন, "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের জন্য যেসব অবদান রেখেছেন, যা কিছু করেছেন; সেসব আমাদের প্রজন্ম থেকে প্রজন্মে জানাতে হবে এবং ছড়িয়ে দিতে হবে।" তিনি নিপীড়িত মানুষের অধিকার আদায়ে

বঙ্গবন্ধুর আপোষহীন অবস্থানের কথা উল্লেখ করে বলেন, "১৯৪৯ সালে ২৭ জনকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার করা হয়েছিল যাদের ২৬ জনই মুচলেকা দিয়ে ছাত্রত্ব ফিরিয়েছেন। একমাত্র বঙ্গবন্ধুই মুচলেকা দেননি, আপোষ করেননি।"

আলোচনা সভা শেষে ১৫ই আগস্টের শহীদ সকল বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের নিহত সদস্যবৃন্দসহ সকল শহীদের আত্মার মাগফিরাতসহ দেশের মঙ্গলের জন্য দোয়া করা হয়। বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার জনাব মো. আব্দুল হালিম, কমিশনার ড. মিজানুর রহমান, কমিশনার ড. রুমানা ইসলামসহ কমিশনের কর্মকর্তাবৃন্দ আলোচনা সভা এবং দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন।

14.08.2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


জয় বাংলা
বিসমিল্লাহির রাহমানির রাহিম
"যতকাল রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা বহমান
ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান"
জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায়.....
দোয়া মাহ্‌ফিল ও আলোচনা সভা
অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান, বিএসইসি
১৪ আগস্ট ২০২২, মাল্টিপারপাস হল, বিএসইসি
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


জয় বাংলা
বিসমিল্লাহির রাহমানির রাহিম
"যতকাল রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা বহমান
ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান"
জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায়.....
দোয়া মাহ্‌ফিল ও আলোচনা সভা
অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

